# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

স্মারক নং- ৩৭.০১.৪১০৪.০০৮.১১.০০১.২৩.৫৫২৬

তারিখঃ ১৩ পৌষ ১৪৩০ / ২৮ ডিসেম্বর ২০২৩

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র. নং. | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | **রেজিস্ট্রার**<br>বেতন স্কেলঃ<br>৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩)<br>বয়সঃ অনূর্ধ্ব ৫৫ বছর | ১ | ১. সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক বা সমমান ডিগ্রি সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে নূন্যতম ৩.০০ অথবা সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩. সরকারী/স্বায়ত্তশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. উপ-রেজিস্ট্রার বা সমমান বা তদূর্ধ্ব পদে ন্যূনপক্ষে মোট ০৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. বিশ্ববিদ্যালয় বিধিমালা সম্পর্কিত অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ব্যাবহারে দক্ষ হতে হবে। |
| ২ | **ড্রাইভার**<br>বেতনস্কেলঃ ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | ২ | ১. সরকার স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>২. বি আর টি এ হইতে হালকা/ ভারি গাড়ী চালনার লাইসেন্স থাকতে হবে।<br>৩. সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৪. অভ্যন্তরীণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য। |
| | **এডুকেশনাল টেকনোলজি বিভাগ (শিক্ষা প্রযুক্তি বিভাগ)** | | |
| ৩ | **সহকারী অধ্যাপক (শিক্ষা প্রযুক্তি)**<br>বেতন স্কেলঃ<br>৩৫৫০০-৬৭০১০(গ্রেড-৬) | ২ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শিক্ষা প্রযুক্তি/ শিক্ষা/ আইসিটি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। অভ্যন্তরীন এবং পিএইচডিধারী প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং স্নাতকোত্তর- এই তিনটির যে কোনো একটি পরীক্ষার ফলাফলের শর্ত শিথিল করা যেতে পারে ।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর কমপক্ষে ১ (এক) বছর; (খ) স্নাতকোত্তর ডিগ্রির পরে এম.ফিল. বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীর কমপক্ষে ২ (দুই) বছর; এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীর কমপক্ষে ৩ (তিন) বছর বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. প্রার্থীর স্বীকৃত কোনো পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ৩ (তিন) টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে । পিএইচডিধারী প্রার্থীর কমপক্ষে ০১ (এক) টি প্রবন্ধ (i) SCI বা SCIE তালিকাভুক্ত A বা B স্তরের বা (ii) শীর্ষস্থানীয় প্রকাশনা যেমন যেমন, IEEE, Elsevier, Wiley এবং ACM ইত্যাদি হতে প্রকাশিত হতে হবে যেখানে আবেদনকারীকে ফার্স্ট অথর (First author) বা করেসপন্ডিং অথর (Corresponding author) হতে হবে। |
| ৪ | **প্রভাষক (আইসিটি)**<br>বেতন স্কেলঃ<br>২২০০০-৫৩০৬০(গ্রেড-৯) | ১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শিক্ষা প্রযুক্তি/ আইসিটি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| | **ইন্টারনেট অফ থিংস এন্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ** | | |
| ৫ | **প্রভাষক (আইসিটি)**<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | ১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইন্টারনেট অফ থিংস এন্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইসিটি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| ৬ | **প্রভাষক(মেকানিক্যাল)**<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | ১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইন্টারনেট অফ থিংস এন্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং/ মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| | **সাইবার সিকিউরিটি বিভাগ** | | |
| ৭ | **প্রভাষক (সাইবার সিকিউরিটি)**<br>বেতন স্কেলঃ<br>২২০০০-৫৩০৬০(গ্রেড-৯)<br>**(০১ জন অধ্যাপক এবং ০১ জন সহকারী অধ্যাপক এর বিপরীতে)** | ২ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাইবার সিকিউরিটি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইসিটি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| | **ডেটা সায়েন্স বিভাগ** | | |
| ৮ | **প্রভাষক (ডেটা সায়েন্স)**<br>বেতন স্কেলঃ<br>২২০০০-৫৩০৬০(গ্রেড-৯)<br>**(০১ জন অধ্যাপক এবং ০১ জন সহযোগী অধ্যাপক এর বিপরীতে)** | ২ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডেটা সায়েন্স/ আইসিটি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| ৯ | **প্রভাষক(পরিসংখ্যান)**<br>বেতন স্কেলঃ<br>২২০০০-৫৩০৬০(গ্রেড-৯)<br>**(০১ জন সহকারী অধ্যাপক এর বিপরীতে)** | ১ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডেটা সায়েন্স/ ফলিত পরিসংখ্যান অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| | **সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগ** | | |
| ১০ | **প্রভাষক(সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং)**<br>বেতন স্কেলঃ<br>২২০০০-৫৩০৬০(গ্রেড-৯) | ৩ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইসিটি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং কমপক্ষে এক বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। |

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

| | | | |
|---|---|---|---|
| | **(০১ জন অধ্যাপক, ০১ জন সহযোগী অধ্যাপক এবং ০১ জন সহকারী অধ্যাপক এর বিপরীতে)** | | ২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পরীক্ষায় প্রার্থীর ন্যুনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ বা ৫.০০-এর মধ্যে ৪.৫০ বা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে হবে। |
| সর্বমোট পদঃ | | ১৬ | |

**শর্তাবলীঃ**

১. আগ্রহী প্রার্থীদের আগামী ১১/০১/২০২৪ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ২৮/১২/২০২৩ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র এর মূল সনদের রঙ্গিন স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।

৩. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না ।

৪. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

৫. আবেদনের শেষ তারিখ হতে বয়স গণনা করা হবে।

৬. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ১৭/০৮/২০২৩ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫(১) নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে গ্রেড-৯ বা তদূর্ধ্ব পদের জন্য ৬০০/-(ছয়শত) টাকা, ১৩তম থেকে ১৬ তম গ্রেড পর্যন্ত ২০০/-(দুইশত) টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ এ পাওয়া যাবে)।

৮. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন / বাতিল এবং পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

৯. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১০. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।

১১. পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে।

১২. নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে **০৯৬৬৬৭৭৫৫৩৪, ০১৫৫০০৫০৮৩৩** (IT Support) নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।

(**বিশেষ দ্রষ্টব্য:** সহকারী অধ্যাপক, প্রভাষক ও ড্রাইভার পদে আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী **১৫/০১/২০২৪ তারিখ, বিকাল ৩.০০ টায়** বিডিইউ এর মূল ক্যাম্পাস কালিয়াকৈর, গাজীপুর এ অনুষ্ঠিত হবে)

ড. মোঃ আমজাদ হোসেন
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)